

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭২৯

১/ বিবিধ

আরবী

الزنجي إذا شبع زنى، وإذا جاع سرق، وإن فيهم لسماحة ونجدة  
موضوع

رواه أبو سعيد الأشج في " حديثه " (2 / 114) : حدثنا عقبه بن خالد: حدثني عنبة البصري عن عمرو بن ميمون عن الزهري عن عروة عن عائشة مرفوعا قلت: وهذا سند ضعيف جدا، آفته عنبة هذا وهو ابن مهران البصري الحداد، قال أبو حاتم: " منكر الحديث ". وقال أبو داود: " ليس بشيء " وقال ابن حبان (2 / 167) : " كان يروي عن الزهري ما ليس من حديثه، وفي حديثه المناكير التي لا يشك من الحديث صناعته أنها مقلوبة ". ومن طريقه أورده ابن الجوزي في " الموضوعات " من رواية ابن عدي عن أبي سعيد الأشج به. ثم قال ابن الجوزي (2 / 233) : " لا يصح، عنبة قال النسائي: متروك وتعقبه السيوطي بالحديث الذي قبله وسبق الجواب عنه. وقد وافق ابن الجوزي على وضع الحديث الإمام ابن القيم فقال في " المنار " (ص 49) : " أحاديث ذم الحبشة والسودان كلها كذب ". ثم ذكر أحاديث هذا أحدها، وثانيها الحديث الآتي

বাংলা

৭২৯। নিখো ব্যক্তি যখন পরিতৃপ্ত হয় তখন যেনা করে, যখন ক্ষুধার্ত হয় তখন চুরি করে। অবশ্যই তাদের মধ্যে দানশীলতা এবং বীরত্বের গুণাবলী রয়েছে।

হাদীছটি জাল।

এটি আবু সাঈদ আল-আশুজ্জ তার "হাদীছ" (২/১১৪) গ্রন্থে উকবাহ ইবনু খালেদ হতে তিনি আয্বাসাহ বাসর হতে তিনি আমর ইবনু মায়মূন হতে তিনি যুহরী হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। তার সমস্যা এই আয্বাসাহ ইবনু মিরান বাসরী আল-হাদ্দাদ। আবু হাতিম বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। আবু দাউদ বলেনঃ তিনি কিছুই না। ইবনু হিব্বান (২/১৬৭) বলেনঃ তিনি যুহরী হতে সেই সব হাদীছ বর্ণনা করতেন যা তার হাদীছ নয়। তার হাদীছের মধ্যে মুনকার রয়েছে। যে ব্যক্তি হাদীছের গবেষক সে ব্যক্তি তার হাদীছগুলো যে উলট-পালটকৃত তাতে কোন সন্দেহ করবেন না। তার সূত্রেই ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে হাদীছটি ইবনু আদীর বর্ণনা হতে উল্লেখ করে (২/২৩৩) বলেছেনঃ এটি সহীহ নয়। এই আয্বাসাহ সম্পর্কে ইমাম নাসাঈ বলেনঃ তিনি মাতরুক।

সুযুতী পূর্বোল্লিখিত হাদীছটি উল্লেখ করে তার সমালোচনা করেছেন। এর উত্তর পূর্বেই দেয়া হয়েছে।

ইবনুল জাওয়ীর সাথে হাদীছটি জাল হওয়ার ব্যাপারে ইবনুল কাইয়িমও "আল-মানার" (পৃঃ ৪৯) গ্রন্থে ঐকমত্য পোষণ করেছেন। তিনি বলেছেনঃ 'হাবশাহ এবং সূদান সম্পর্কে কুৎসা রটনা করে যে সব হাদীছ বর্ণিত হয়েছে তার সবগুলোই মিথ্যা। অতঃপর তিনি কতিপয় হাদীছ উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71608>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন